# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/জয়পুরহাট-৪৫/১০২

তারিখ: ০৩ বৈশাখ ১৪৩৩ / ১৬ এপ্রিল ২০২৬

বিষয়ঃ অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জয়পুরহাট জেলার ক্ষেতলাল উপজেলাধীন হোপপীরহাটা দারুল উলুম দাখিল মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপারের (ইআইআইএন-১২১৯৬৬) গোপনে এহহক কমিটির অভিভাবক সদস্য নির্বাচন, শারীরিক শিক্ষক কে ভারপ্রাপ্ত সুপার করা এবং গোপনে এডহক কমিটির সভাপতি নির্বাচিত করেছেন মর্মে জনাব মোঃ মানিক মন্ডল একটি অভিযোগ দাখিল করেছেন।

এমতাবস্থায়, অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৬.৪.২৬

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
ক্ষেতলাল, জয়পুরহাট।

নং-বামাশিবো/প্রশা/ জয়পুরহাট-৪৫/১০২

তারিখ: ০৩ বৈশাখ ১৪৩৩ / ১৬ এপ্রিল ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, জয়পুরহাট;
২. জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট;
৪. সুপার/ভারপ্রাপ্ত সুপার, হোপপীরহাটা দারুল উলুম দাখিল মাদ্রাসা, ক্ষেতলাল, জয়পুরহাট;
৫. সভাপতি/পরিচালনা কমিটি, হোপপীরহাটা দারুল উলুম দাখিল মাদ্রাসা, ক্ষেতলাল, জয়পুরহাট;
৬. জনাব মোঃ মানিক মন্ডল (অভিযোগকারী), উত্তর হাটশহর, ক্ষেতলাল, জয়পুরহাট;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

১৬.০৪.২৬

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

D:\Jasim Desktop\অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন জসীম.doc

বরাবর,

রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,

বকশী বাজার, ঢাকা।

বিষয়: **এডহক কমিটি অনুমোদন না দেওয়া ও সুপার (ভারপ্রাপ্ত) পরিবর্তনের আবেদন।**

জনাব,

যথাবিহিত সম্মান প্রদর্শনপূর্বক বিনীত নিবেদন এই যে, আমরা জয়পুরহাট জেলার ক্ষেতলাল উপজেলাধীন হোপপীরহাটা দারুল উলুম দাখিল মাদ্রাসার অভিভাবকবৃন্দ। আমরা বিশ্বস্ত সূত্রে জানতে পেরেছি যে, উক্ত মাদ্রাসার একটি এডহক কমিটি গঠনের প্রক্রিয়া চলছে। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় এই যে, আমরা বা অন্য কোনো অভিভাবক সদস্যই জানি না কীভাবে এবং কাকে অভিভাবক সদস্য হিসেবে মনোনীত করা হয়েছে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২৬ এর ১৩ অনুচ্ছেদ অনুযায়ী, সুপারের অনুপস্থিতিতে সহকারী সুপার এবং সহকারী সুপারের অনুপস্থিতিতে জ্যেষ্ঠতম আরবি বিষয়ের শিক্ষক ভারপ্রাপ্ত সুপার/অধ্যক্ষ পদের দায়িত্ব পালন করবেন। বর্তমানে মোঃ আব্দুল মান্নান, যিনি শারীরিক শিক্ষা বিষয়ের সহকারী শিক্ষক পদে নিয়োগপ্রাপ্ত, তিনি ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব পালন করছেন। বিধি মোতাবেক তিনি এই দায়িত্ব পাওয়ার যোগ্য নন এবং এই দায়িত্ব হস্তান্তর প্রক্রিয়াটিও আমাদের কাছে অস্পষ্ট।ভারপ্রাপ্ত সুপার অত্যন্ত গোপনীয়তার সাথে অভিভাবক সদস্য মনোনীত করেছেন। এছাড়াও, শিক্ষক প্রতিনিধি ও সভাপতি নির্বাচনে কাউকে না জানিয়ে, প্রতিষ্ঠানের অভিভাবক, প্রতিষ্ঠাতা, দাতা এবং শিক্ষক মন্ডলীর সাথে কোনো আলোচনা ছাড়াই সভাপতি হিসেবে কার নাম মনোনীত করে আবেদন পাঠানো হয়েছে, তা আমরা কেউই জানি না। এর ফলে এলাকায় চরম বিশৃঙ্খলার সৃষ্টি হয়েছে এবং যেকোনো সময় রক্তক্ষয়ী সংঘর্ষের আশঙ্কা রয়েছে। আরো জানানো যাচ্ছে যে, মোঃ আবুল খায়ের (ইবতেদায়ী প্রধান) ইনডেক্স-R386172 ও মোছাঃ রুবিনা আক্তার (গবেষণাগার/ল্যাব সহকারী) ইনডেক্স-M0060109 যথানিয়মে নিয়োগপ্রাপ্ত হয়ে ০১/১০/২০২৪ ও ০১/১১/২০২৪ তারিখে এমপিওভুক্ত হয়েছেন এবং অদ্যাবধি তাদের এমপিও চলমান রয়েছে। কর্তৃপক্ষের কোনো নিষেধাজ্ঞা না থাকা সত্ত্বেও ভারপ্রাপ্ত সুপার মোঃ আব্দুল মান্নান ও বিগত এডহক কমিটির সভাপতি উক্ত দুইজনের বেতন-ভাতা প্রদান করেননি। এছাড়াও, অত্র মাদ্রাসার সকল শিক্ষক-কর্মচারীর ফেব্রুয়ারি/২০২৬ মাসের বেতন-ভাতা ও উৎসব ভাতার বিবরণী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করা হয়নি, যার ফলে সকল শিক্ষক-কর্মচারী মানবেতর জীবনযাপন করছেন।

অতএব, মহোদয় উপরোক্ত বিষয়গুলোর গুরুত্ব অনুধাবন করে এডহক কমিটি অনুমোদন না দেওয়ার জন্য এবং জ্যেষ্ঠতার ভিত্তিতে নতুন ভারপ্রাপ্ত সুপার নিয়োগ ও সকল শিক্ষক-কর্মচারীর বেতন-ভাতা উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করছি।

তাং- ২৮/০৩/২০২৬

নিবেদক

অভিভাবকগণের পক্ষে

১। মোঃ মামিনুল ইসলাম
০১৭২৬-৮৭৭১৭৮
২। মোঃ মোজাফ্ফর
০১৭০৭৫৫৯২২৪
৩। একবাল

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২. জেলা প্রশাসক, জয়পুরহাট।

৩. উপজেলা নির্বাহী অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট।

৪. জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট।

৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ক্ষেতলাল।

**সংযুক্তি:**

১. জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০২৬।

২. উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বরাবর আবেদনের কপি।

৩. জেলা শিক্ষা অফিসার মহোদয়ের আবেদনের কপি।

৪. জেলা শিক্ষা অফিসার মহোদয়ের তদন্তের চিঠি।

৫. মোঃ আবুল খায়ের (এবতেদায়ী প্রধান) ও মোছাঃ রুবিনা আক্তারের প্রথম ও শেষ এমপিও কপি।

৬. উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের কারণ দর্শানোর নোটিশ।

৭. জেলা প্রশাসক মহোদয়ের প্রতিবেদনের অনুলিপি।

৮. এডহক কমিটির অনুলিপি।

বিশ
টাকা

বাংলাদেশ
কোর্ট ফি

বরাবর
উপজেলা নির্বাহী অফিসার,
ক্ষেতলাল, জয়পুরহাট।

বিষয়ঃ সুপার (ভারপ্রাপ্ত) পরিবর্তন ও বকেয়া বেতন ভাতা প্রদানের আবেদন প্রসঙ্গে।

জনাব,
যথাবিহীত সম্মানপূর্বক সবিনয় নিবেদন এই যে হোপসীরহাটা দারুল উলুম দাখিল মাদ্রাসার সুপার (ভারপ্রাপ্ত) জনাব
আব্দুল মান্নান সহকারী শিক্ষক শরীর চর্চা গত পহেলা ফেব্রুয়ারি ২০২৬ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের জনবল
কাঠামো অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে আরবি শিক্ষক ছাড়া সাধারণ শিক্ষক ভারপ্রাপ্ত হইতে পারিবে না। জনাব আব্দুল
মান্নান সহকারী শিক্ষককে সুপার (ভারপ্রাপ্ত) পরিপত্র অনুযায়ী বাদ দিয়ে জ্যেষ্ঠতার ভিত্তিতে আরবী বিষয়ের
একজন কে সুপার (ভারপ্রাপ্ত) করা প্রয়োজন। জনাব মোঃ আবুল খায়ের এবতেদায়ী মৌলভী পদ হতে গত
18/08/2024 খ্রিঃ এবতেদায়ী প্রধান পদে (ইনডেক্স নং- R386172) যথাযত প্রক্রিয়ার মাধ্যমে নিয়োগ
প্রাপ্ত হয়ে 01/11/2024 খ্রিঃ এমপিও ভুক্ত হই এবং মোছাঃ রুবিনা আখতার গবেষণাগার/ল্যাব সহকারী
পদে (ইনডেক্স নং M0060109) একই তারিখে নিয়োগ প্রাপ্ত হয়ে 01/10/2024 খ্রিঃ এমপিও ভুক্ত হই। সূত্র
মহাপরিচালক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ঢাকা এর স্মারক নং696 তারিখ 24/10/2024 খ্রিঃ মোতাবেক
উপজেলা নির্বাহী অফিসার মহোদয় ক্ষেতলাল 03 (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করেন। উক্ত
তদন্ত কমিটি গত 24/02/2025 খ্রিঃ তারিখে সরজমিনে তদন্ত কার্যক্রম সম্পূণ করেন এবং উপজেলা
নির্বাহী অফিসার মহোদয় মাদ্রাসা অধিদপ্তরে প্রেরণ করেন। আমরা গত 25/05/2025 খ্রিঃ উপজেলা নির্বাহী
অফিসার মহোদয় বরাবরে বকেয়া সহ বেতন ভাতার আবেদন করি উপজেলা নির্বাহী অফিসার মহোদয়
সুপার (ভারপ্রাপ্ত)কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের কথা বলেন এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের
কার্যালয়ে অত্র মাদ্রাসার রেজুলেশনের অধিবেশন নং-১৭/২০২৫ তারিখ 01/06/2025 খ্রিঃ অত্র মাদ্রাসার
সকল শিক্ষক কর্মচারীর উপস্থিতিতে বেতন ভাতা প্রদানে রেজুলেশন করা হয়। ~~কিন্তু~~ সুপার
(ভারপ্রাপ্ত) কর্তৃপক্ষের অনুমতি ছাড়া একাই রেজুলেশন বাতিল করেন। কিন্তু অধিদপ্তর কর্তৃক এমপিও ভূক্ত
হওয়ার পরেও কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য করিয়া অদ্যবদি বিভিন্ন তালবাহনা করিয়া এডহক কমিটির
সভাপতি ও সুপার (ভারপ্রাপ্ত) বেতন ভাতা প্রদান করেন নাই। অত্র মাদ্রাসার এডহক কমিটির মেয়াদ গত ৬ই
ফেব্রুয়ারি ২০২৬ ইং তারিখে শেষ হয়েছে। হেতুই জনাব আব্দুল মান্নান সহকারী শিক্ষককে সুপার ভারপ্রাপ্ত থেকে বাদ
দিয়ে পরিপত্র অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে আরবি বিষয়ে একজনকে সুপার ভারপ্রাপ্তর দায়িত্ব প্রদানের আবেদন করতেছি
এবং অত্র মাদ্রাসার ইবতেদায়ী প্রধান ও গবেষণাগার / ল্যাব সহকারী বকেয়াসহ বেতন ভাতার আবেদন করতেছি।

অতএব মহোদয় উপরোক্ত বিষয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে আপনার সদয় মর্জি হয়।

তারিখঃ 02/03/2026

নিবেদক

১। মোঃ আবুল খায়ের
এবঃ প্রধান
০১৭২৮২৯৩১২৫

২। মোছাঃ রুবিনা আখতার
গবেষণাগার/ল্যাব সহকারী
০১৭২৮-৫৩৭৫৯৭
হোপসীরহাটা দারুল উলুম দাখিল মাদ্রা
ক্ষেতলাল, জয়পুরহাট

অনুলিপিঃ
১। জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট
২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ক্ষেতলাল, জয়পুরহাট

সংযুক্তিঃ
১। মাদ্রাসা জনবল কাঠামো ও এমপিও নীতিমালা 2026
২। মাদ্রাসা অধিদপ্তরের চিঠি
৩। প্রথম এমপিও ও শেষ এমপিও
৪। তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির চিঠির অনুলিপি
৫। আবেদনের কপি।
৬। রেজুলেশনের কপি
৭। কারণদর্শানোর নোটিশ
৮। জেলা প্রশাসক মহোদয়ের প্রতিবেদনের অনুলিপি
৯। এডহক কমিটির অনুলিপি

D-২৬৬

বরাবর,

জেলা শিক্ষা অফিসার,

জয়পুরহাট।

বিষয়: সুপার (ভারপ্রাপ্ত) পরিবর্তন ও বকেয়া বেতন ভাতা প্রদানের আবেদন প্রসঙ্গে।

জনাব,

যথাবিহীত সম্মানপূর্বক সবিনয় নিবেদন এই যে হোপপীরহাটা দারুল উলুম দাখিল মাদ্রাসার সুপার (ভারপ্রাপ্ত) জনাব আব্দুল মান্নান সহকারী শিক্ষক শরীর চর্চা গত পহেলা ফেব্রুয়ারি ২০২৬ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের জনবল কাঠামো অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে আরবি শিক্ষক ছাড়া সাধারণ শিক্ষক ভারপ্রাপ্ত হইতে পারিবে না। জনাব আব্দুল মান্নান সহকারী শিক্ষককে সুপার (ভারপ্রাপ্ত) পরিপত্র অনুযায়ী বাদ দিয়ে জ্যেষ্ঠতার ভিত্তিতে আরবী বিষয়ের একজন কে সুপার (ভারপ্রাপ্ত) করা প্রয়োজন । জনাব মোঃ আবুল খায়ের এবতেদায়ী মৌলভী পদ হতে গত 18/08/2024 খ্রিঃ এবতেদায়ী প্রধান পদে (ইনডেক্স নং- R386172) যথাযত প্রক্রিয়ার মাধ্যমে নিয়োগ প্রাপ্ত হয়ে 01/11/2024 খ্রিঃ এমপিও ভুক্ত হই এবং মোছাঃ রুবিনা আখতার গবেষণাগার/ল্যাব সহকারী পদে (ইনডেক্স নং M0060109) একই তারিখে নিয়োগ প্রাপ্ত হয়ে 01/10/2024 খ্রিঃ এমপিও ভুক্ত হই। সূত্র মহাপরিচালক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ঢাকা এর স্মারক নং696 তারিখ 24/10/2024 খ্রিঃ মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার মহোদয় ক্ষেতলাল 03 (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করেন। উক্ত তদন্ত কমিটি গত 24/02/2025 খ্রিঃ তারিখে সরজমিনে তদন্ত কার্যক্রম সম্পূর্ণ করেন এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয় মাদ্রাসা অধিদপ্তরে প্রেরণ করেন। আমরা গত 25/05/2025 খ্রিঃ উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বরাবরে বকেয়া সহ বেতন ভাতার আবেদন করি উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সুপার (ভারপ্রাপ্ত) কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের কথা বলেন এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের কাযলয়ে অত্র মাদ্রাসার রেজুলেশনের অধিবেশন নং-১৭/২০২৫ তারিখ 01/06/2025 খ্রিঃ অত্র মাদ্রসার সকল শিক্ষ করমচারীর উপস্থিতিতে বেতন ভাতা প্রদানে রেজুলেশন করা হয়। সুপার (ভারপ্রাপ্ত) কর্তৃপক্ষের অনুমতি ছাড়া একাই রেজুলেশন বাতিল করেন। কিন্তু অধিদপ্তর কর্তৃক এমপিও ভূক্ত হওয়ার পরেও কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য করিয়া অদ্যবদি বিভিন্ন তালবাহনা করিয়া এডহক কমিটির সভাপতি ও সুপার (ভারপ্রাপ্ত) বেতন ভাতা প্রদান করেন নাই। ইহাতে আমরা মানবেতর জীবন যাপন করিতেছি। অত্র মাদ্রাসার এডহক কমিটির মেয়াদ গত ৬ই ফেব্রুয়ারি ২০২৬ ইং তারিখে শেষ হয়েছে। হেতুই জনাব আব্দুল মান্নান সহকারী শিক্ষককে সুপার ভারপ্রাপ্ত থেকে বাদ দিয়ে পরিপত্র অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে আরবি বিষয়ে একজনকে সুপার ভারপ্রাপ্তর দায়িত্ব প্রদানের আবেদন করতেছি এবং অত্র মাদ্রাসার ইবতেদায়ী প্রধান ও গবেষণাগার / ল্যাব সহকারী বকেয়াসহ বেতন ভাতার আবেদন করতেছি।

অতএব মহোদয় উপরোক্ত বিষয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে আপনার সদয় মর্জি হয়।

তারিখঃ 05/03/2026

সংযুক্তিঃ

১। মাদ্রাসা জনবল কাঠামো ও এমপিও নীতিমালা 2026
২। মাদ্রাসা অধিদপ্তরের চিঠি 22/02/2026
৩। প্রথম এমপিও ও শেষ এমপিও
৪। তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির চিঠির অনুলিপি
৫। উপজেলা নির্বাহী অফিসার মহদোয় বরাবরে আবেদনের কপি।
৬। রেজুলেশনের কপি
৭। কারণদর্শানোর নোটিশ
৮। জেলা প্রশাসক মহোদয়ের প্রতিবেদনের অনুলিপি
৯। এডহক কমিটির অনুলিপি

নিবেদক,

১। মোঃ আবুল খায়ের
পদ: প্রধান
০১৭২৮ [illegible]

২। মোছাঃ রুবিনা আখতার
গবেষণাগার / ল্যাব সহকারী
০১৭২৮-৪৩৭৪৩৭
হোপপীরহাটা দারুল উলুম দাখিল মাদ্রাসা
ক্ষেতলাল, জয়পুরহাট

জেলা শিক্ষা অফিসারের কার্যালয় জয়পুরহাট

[illegible] নং- ২০৬৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
জয়পুরহাট
www.dshe.joypurhat.gov.bd

স্মারক নং-৩৭.০২.৩৮০০.৩৪০.২৭.০১৫.২৩-২৪২০ তারিখ: ২২/০৩/২০২৬খ্রি.

বিষয় : তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং-৩৭.১০.৩৮৬১.০০১.০১১৪.১৮.২৬-০৭, তারিখ- ০৪/০৩/২০২৬খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জয়পুরহাট জেলার ক্ষেতলাল উপজেলাধীন হোপপীরহাটা ডি. ইউ. দাখিল মাদ্রাসার জনাব মো: আব্দুল মান্নান, সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) ভারপ্রাপ্ত সুপার, এডহক কমিটি গঠন কল্পে একজন শিক্ষক প্রতিনিধি মনোনয়নের জন্য এ দপ্তরে ০৩ জন শিক্ষকের নাম সম্বলিত আবেদন ০৫/০৩/২০২৬খ্রি. তারিখ দাখিল করেছেন। প্রাথমিক পর্যবেক্ষণে দেখা যায়, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০২৬ এর ১৩ অনুচ্ছেদ অনুযায়ী মাদ্রাসায় সুপারিনটেনডেন্ট/অধ্যক্ষ পদ শূন্য থাকলে সহকারী সুপারিনটেনডেন্ট / উপাধ্যক্ষ ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট / অধ্যক্ষ পদে দায়িত্ব পালন করবে। সহকারী সুপারিনটেনডেন্ট / উপাধ্যক্ষ পদ শূন্য থাকলে জ্যেষ্ঠতম আরবি বিষয়ের শিক্ষক ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট/অধ্যক্ষ পদে দায়িত্ব পালন করবে। বর্ণিত প্রতিষ্ঠানের স্ট্যাফিং প্যাটার্ন এবং এমপিও কপি মোতাবেক দেখা যায় জনাব মো: আব্দুল মান্নান, সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) পদে নিয়োগ প্রাপ্ত হয়ে ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট এর দায়িত্ব পালন করছেন। বিষয়টি ২০২৬ এর পরিপত্র অনুযায়ী বিধিসম্মত নয়।

এমতাবস্থায়, ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট এর দায়িত্ব সঠিকভাবে প্রদান করা হয়েছে কিনা এবং জ্যেষ্ঠতা মোতাবেক শিক্ষকদের তালিকা জমা করা হয়েছে কিনা তা সরেজমিনে তদন্ত পূর্বক সু-স্পষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

মো: রুহুল আমিন
জেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)
জয়পুরহাট
ফোন: ০২৫৮৭৭২২০৬১
deojoypurhat58@gmail.com

প্রাপক:
মো: আবু বক্কর সিদ্দিক
সহকারী পরিদর্শক
জেলা শিক্ষা অফিস, জয়পুরহাট

স্মারক নং-৩৭.০২.৩৮০০.৩৪০.২৭.০১৫.২৩- তারিখ: ................/২০২৬খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো:

১। মাননীয় সংসদ সদস্য-৩৫, জয়পুরহাট-২ ও প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। মাননীয় সংসদ সদস্য-৩৪, জয়পুরহাট-১
৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৫। জেলা প্রশাসক, জয়পুরহাট
৬। উপজেলা নির্বাহী অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট
৭। সভাপতি, হোপপীরহাটা দারুল উলুম দাখিল মাদ্রাসা, ক্ষেতলাল, জয়পুরহাট (২০২৬ এর পরিপত্র অনুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট
৯। সুপারিনটেনডেন্ট (ভারপ্রাপ্ত), হোপপীরহাটা দারুল উলুম দাখিল মাদ্রাসা, ক্ষেতলাল, জয়পুরহাট
১০। অফিস নথি

জেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)
জয়পুরহাট

CamScanner

# Directorate of Madrasha Education
## Monthly Payment Order (MPO)
### October, 2024

প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত তথ্যানুযায়ী প্রাথমিক ভাবে এমপিওভুক্ত করা হয়েছে। পরবর্তীতে নিয়োগ প্রমাণিত হলে এমপিওভুক্তি বাতিল/সংশোধন করার ক্ষমতা অত্র অধিদপ্তর সংরক্ষণ করেন।

**INSTITUTION'S NUMBER = 7704022102**
**HAPPIRHATA D U DAKHIL MADRASHA**
**POST OFFICE = KENDULI**
**THANA = KHETLAL**
**DISTRICT = JAYPURHAT**

শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের প্রতি আদেশ ভুলক্রমে বেশী প্রদত্ত টাকা, স্টাফ প্যাটার্নের অতিরিক্ত বরাদ্দকৃত ও দুই বছর ফলাফল নাই এমন শিক্ষা প্রতিষ্ঠানে অর্থ বিতরণ করা হলে প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

মাদ্রাসার শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদির সরকারি অংশের টাইম স্কেলের জন্য প্রদত্ত অর্থ প্রদানের পূর্বে প্রতিষ্ঠান প্রধান অবশ্যই প্রাপ্যতার বিষয়ে নিশ্চিত হবেন।প্রাপ্যতার অতিরিক্ত অর্থ উত্তোলন করা হলে কিংবা বন্টন করা হলে প্রতিষ্ঠান প্রধান এবং মাদ্রাসা কমিটি দায়ী থাকবেন।

BANK = SONALI BANK
BRANCH =
A/C NO = NA

| DESG | INDEX | TEACHER/ EMPLOYEE NAME | SUBJECT | DATE OF BIRTH | BANK A/C NO. | PAY CODE | SALARY+ DA+ H.RENT+ MEDICAL | INCR. EQUIV. AMOUNT | GRANT FOR EACH MONTH | SPECIAL BENEFITS | ADJUSTMENT | | | NET AMT FOR THE MONTH |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | PREV. WHITHHELD | WELFARE TRUST | RETIREMENT BENEFIT | |
| A.SUP | R175132 | MD ZAHURUL ISLAM | | 01-01-1965 | 3655 | 8 | 24,500.00 | 9,390.00 | 33,890.00 | [illegible] | 0.00 | 1,296.00 | 1,943.00 | 32,271.00 |
| PHT | R2002158 | MD ABDUL MANNAN | | 01-03-1981 | 5358/12 | 8 | 24,500.00 | 9,390.00 | 33,890.00 | [illegible] | 0.00 | 1,296.00 | 1,943.00 | 32,371.00 |
| COMPT | R2019703 | SALINA FERDOUSE | | 03-11-1978 | 6559 | 8 | 24,500.00 | 9,390.00 | 33,890.00 | 1,620.00 | 0.00 | 1,296.00 | 1,943.00 | 32,271.00 |
| AT | R2015132 | MD. JAJNUL ABEDIN | | 13-03-1977 | 6081/10 | 9 | 23,500.00 | 8,990.00 | 32,490.00 | 1,550.00 | 0.00 | 1,240.00 | 1,859.00 | 30,941.00 |
| AGT | N2093542 | MD ABDUL ALIM | | 01-01-1982 | 8429 | 9 | 23,500.00 | 2,260.00 | 25,760.00 | 1,213.00 | 0.00 | 970.00 | 1,456.00 | 24,547.00 |
| AT | R2031110 | MD. AMINUR RAHMAN | SOCIOLOGY | 26-02-1979 | 8012/12 | 10 | 17,500.00 | 6,550.00 | 24,050.00 | 1,128.00 | 0.00 | 903.00 | 1,353.00 | 22,923.00 |
| AM | N2098153 | NIHAR BANU | | 06-02-1984 | 8636 | 10 | 17,500.00 | 1,640.00 | 19,140.00 | 1,000.00 | 0.00 | 706.00 | 1,058.00 | 18,376.00 |
| AT | M0043747 | MD. AKHIRUL ISLAM | | 07-07-1988 | 0706201021747 | 11 | 14,000.00 | 630.00 | 14,630.00 | 1,000.00 | 0.00 | 525.00 | 788.00 | 14,317.00 |
| AT | M0026293 | MD. SHIDDIQUR RAHMAN | BENGALI | 07-05-1992 | 0706201020603 | 11 | 14,000.00 | 1,290.00 | 15,290.00 | 1,000.00 | 0.00 | 552.00 | 827.00 | 14,911.00 |
| AM | M0051300 | MD. AHSAN HABIB | | 25-12-1992 | 0706201021753 | 11 | 14,000.00 | 630.00 | 14,630.00 | 1,000.00 | 0.00 | 525.00 | 788.00 | 14,317.00 |
| AM | M0042338 | AL AMIN | | 31-12-1992 | 0706201021752 | 11 | 14,000.00 | 630.00 | 14,630.00 | 1,000.00 | 0.00 | 525.00 | 788.00 | 14,317.00 |
| BB | K386172 | MD ABUL KHAIR | | 03-03-1969 | 3661 | 14 | 11,700.00 | 3,510.00 | 15,210.00 | 1,000.00 | 0.00 | 548.00 | 823.00 | 14,839.00 |
| | R394594 | MD FIROZ HOSSAIN | | 01-01-1973 | 3910 | 14 | 11,700.00 | 3,510.00 | 15,210.00 | 1,000.00 | 0.00 | 548.00 | 823.00 | 14,839.00 |
| EH | R692729 | MD RUHUL AMIN | | 01-02-1972 | 5226/12 | 14 | 11,700.00 | 3,510.00 | 15,210.00 | 1,000.00 | 0.00 | 548.00 | 823.00 | 14,839.00 |
| | R680467 | MD HAMIDUL ISLAM | | 01-03-1971 | 3665 | 18 | 10,300.00 | 3,620.00 | 13,920.00 | 1,000.00 | 0.00 | 497.00 | 745.00 | 13,678.00 |
| | R394595 | MD ABDUL ALIM MONDAL | | 12-08-1971 | 3969 | 18 | 10,300.00 | 3,620.00 | 13,920.00 | 1,000.00 | 0.00 | 497.00 | 745.00 | 13,678.00 |
| Lab | M0060109 | MST. RUBINA AKTAR | | 12-10-1995 | 0706201022327 | 18 | 10,300.00 | 0.00 | 10,300.00 | 1,000.00 | 0.00 | 352.00 | 528.00 | 10,420.00 |
| AYAH | M0016714 | MST. FARJANA KHATUN | | 21-04-1990 | 0706201020315 | 20 | 9,750.00 | 1,320.00 | 11,070.00 | 1,000.00 | 0.00 | 383.00 | 574.00 | 11,113.00 |
| S-GUARD | M0016713 | MD. FIROZ HOSSAIN | | 01-12-1999 | 0706201020316 | 20 | 9,750.00 | 1,320.00 | 11,070.00 | 1,000.00 | 0.00 | 383.00 | 574.00 | 11,113.00 |
| TOTAL FOR THE INSTITUTION | | | | | | | 297,000.00 | 71,200.00 | 368,200.00 | 21,751.00 | 0.00 | 13,589.00 | 20,381.00 | 355,981.00 |